

# যীশু খ্রীষ্ট -৩








মথি ৩:১-৬, মার্ক ১:১-৬, লূক ৩:১-৬, যোহন ১:৬-৮




মথি ৩:৭-১০, লূক ৩:৭-১২



বন্ধু, এটা খুবই সহজ!
জুলুম বা অন্যায়ভাবে দোষ দেখিয়ে কারো কাছ থেকে বেশী নিও না!
তোমাদের পাপের জন্য অনুতাপ কর। এবং সেই পাপ আর কখনও করো না!
ঈশ্বরের কাছে নিজেকে আরও একবার সমর্পন কর।
তারা যর্দন নদীর পাড়ে এসে নিজেদের পাপ স্বীকার করল এবং তিনি তাদের বাপ্তিস্ম দিলেন।
আমরা দীর্ঘকাল যাবৎ খ্রীষ্টের জন্য অপেক্ষা করছি আর তিনি আমাদের এই অত্যাচার থেকে মুক্ত করবেন।
আপনিই কি তিনি...?
না।
আমি তোমাদেরকে জলে যে বাপ্তিস্ম দিচ্ছি তা হল তোমাদের অনুতাপের প্রতীকস্বরূপ।
কিন্তু আমার চাইতে আরও শক্তিশালী কেউ আসছেন।
আমি তাঁর জুতোর ফিতে বাঁধারও যোগ্য নই!
আর তিনি পবিত্র আত্মার দ্বারা তোমাদেরকে বাপ্তাইজিত করবেন!
এবং পবিত্র আগুনের দ্বারাও!
তিনি প্রতিজ্ঞাত মসীহের বিষয়ে এই সুসমাচার প্রচার করলেন যিনি সমস্ত জাতিকে ঈশ্বরের পরিত্রাণ দেখার সুযোগ করে দেবেন।
আর তখন, একদিন, যোহনকে বিস্মিত করে...
মথি ৩:১১-১২, মার্ক ১:৭-৮, লূক ৩:১৩-১৮





মথি ৩:১৩-১৫, মার্ক ১:৯, লূক ৩:২১


আর স্বর্গ খুলে গেল, এবং পবিত্র আত্মা কবুতরের মত হয়ে তাঁর উপরে নেমে আসলো।
ইনিই আমার প্রিয় পুত্র।
এঁর ওপর, আমি খুবই সন্তুষ্ট।
মথি ৩:১৬-১৭, মার্ক ১:১০-১১, লূক ৩:২২-২৩




ধন্যবাদ, যোহন।
ইনিই তিনি!
আমি এতক্ষণ তাঁর কথাই বলছিলাম!
আমার পরে যিনি আসবেন, যার কথা আমি একটু আগে বলেছি যিনি আমার থেকেও মহান কারণ তিনি আমার আগে থেকেই ছিলেন!
এখানে এই মাত্র কি হল ফিলিপ?
আমি জানি না, আন্দ্রিয়..আমি জানি না…
যোহন ১:১৫


যীশু পবিত্র আত্মা লাভের পর মরুভূমিতে গেলেন।
সেখানে তিনি ৪০ দিন --
--এবং ৪০ রাত ছিলেন--
--তিনি সব সময়ই উপবাস সহকারে প্রার্থনারত ছিলেন।
আর শেষ পর্যায়ে, তিনি ক্ষুধার্ত ছিলেন।
ওহে।
আর শয়তান তাঁর কাছে আসল...
মথি ৪:১-২, মার্ক ১:১২, লূক ৪:১-২


মার্ক ১:১৩


কেন,
তোমাকে ক্ষুধার্ত
দেখাচ্ছে?
তুমি যদি ঈশ্বরের পুত্র হও
তাহলে এই পাথরগুলোকে
রুটি হয়ে যেতে বল ।
শাস্ত্রে লেখা আছে:"
মানুষ কেবল রুটিতেই
বাঁচে না—"
" কিন্তু ঈশ্বরের
মুখের প্রত্যেকটি
কথাতেই বাঁচে।"
মথি ৪:৩-৪,লূক ৪:৩-৪




আর তখন শয়তান যীশুকে পবিত্র শহর, জেরুশালেমে নিয়ে গেল।
এখন, তুমি যদি ঈশ্বরের পুত্র হও,তাহলে লাফ দিয়ে নিচে পড়! লাফ দাও।
সেখানে, শয়তান যীশুকে জেরুশালেম মন্দিরের চূড়ায় নিয়ে দাঁড় করাল।
পবিত্র শাস্ত্রে লেখা আছে,” ঈশ্বর তাঁর দূতদের তোমার বিষয়ে আদেশ দেবেন; তারা তোমাকে হাত দিয়ে ধরে ফেলবেন। যাতে তোমার পায়ে পাথরের আঘাত না লাগে।”
এবং শাস্ত্রে এও লেখা আছে,”তোমার প্রভু ঈশ্বরকে তুমি পরীক্ষা করতে যেযো না।”
মথি ৪:৫-৭, লূক ৪:৯-১২


এবং আবারও, শয়তান যীশুকে নিয়ে গেল...
...একটি বড় পাহাড়ের চূড়ায়।
দেখ!
আর সেখানে তাৎক্ষণিকভাবে, শয়তান যীশুকে পৃথিবীর সকল রাজ্য এবং ক্ষমতা দেখাল।
মথি ৪:৮, লূক ৪:৫




মথি ৪:৯-১০, লূক ৪:৬-৮



আর তখন শয়তান তাঁর কাছ থেকে চলে গেল, যতক্ষণ না সে নিজেকে আরও বেশি উপযুক্তভাবে তৈরী না করতে পারছে।
স্বর্গদূতেরা আসল…
যারা তাঁকে সেই মরুভূমির মধ্যে সেবা করতে লাগল।
মথি ৪:১১, লূক ৪:১৩


ওই দেখ তাঁকে। তাঁর অনেক অনুসারী আছে।
লোকেরা তাঁর কথা শুনছে।
এগুলো তখনই ক্ষতিকর হবে যখন এই কথা গুলো মিথ্যা হবে অথবা সত্যকে ঘুরিয়ে ফেলা হবে।
চল, দেখি কি হয়।
বাপ্তিস্মদাতা ! একটা কথা বলার ছিল!
আমাদের কিছু প্রশ্ন আছে!
বলুন, কি প্রশ্ন?
ঠিক আছে, দেখুন, আমরা আপনার শিক্ষা সম্বন্ধে কিছুটা জানি।
আমি মিথ্যা কিছু সম্বন্ধে শিক্ষা দেই না।
আমি মিথ্যা কিছু সম্বন্ধে শিক্ষা দেই না।
আপনিই কি তিনি?
না, না, না!
আমি প্রায়ই প্রকাশ্যে মুক্ত ভাবে বলেছি, আমি সেই খ্রীষ্ট নই!
তাহলে আপনি কে? আপনি কি এলিয়?
না!
আপনিই কি সেই ভাববাদী?
না।
তাহলে আপনি কে?
দয়া করে আমাদের বলুন। আমাদেরকে যারা পাঠিয়েছেন তাদেরকে আমাদের এর উত্তর দিতে হবে।


যোহন ১:১৯-২২



তোমরা জানতে চাও আমি কে?
আমি একজনের রব, যে প্রান্তরে চিৎকার করে ঘোষণা করছে।
আর বলছে,” তোমরা প্রভুর পথ সরল কর!”
যে রবের কথা যিশাইয় ভাববাদী অনেক বছর আগে বলেছিলেন!
আপনি বলছেন আপনি খ্রীষ্ট নন! আপনি এলিয়ও নন! আপনি কোন ভাববাদীও নন!
কিন্তু আপনি বাপ্তাইজিত করছেন!
আপনি কেন এমন করছেন?
আমার বাপ্তিস্ম হল জলের মাধ্যমে একটা শুচিতার প্রতীক।
কিন্তু তোমাদের মধ্যে,এমন একজন আছেন, যাকে তোমরা চেন না, তিনি আমার পরে আসছেন!
ঈশ্বরের মেষশাবক, যিনি জগতের সমস্ত পাপ দূর করেন!
আর আমি তাঁর জন্য পথ প্রস্তুত করছি, যদিও আমি তাঁর জুতো খোলারও যোগ্য নই!
তিনি শাস্ত্রবিরোধী কিছু বলেন নি!
এটা সত্য, তিনি শুধু শাস্ত্রের বলা কথা অনুসারে বলেন যে : মসীহ্ আসছেন!
বাহ্! তার “সত্য কথাগুলি” তিনি এমনভাবে বলেছেন যে যিশাইয় যাদের বিষয়ে বলে গিয়েছিলেন ইনি তাদের মধ্যে একজন!
আর যাজকরা এবং লেবীয়রা জেরুশালেমে ফিরে গিয়ে তারা যা বুঝলেন সেই বিষয়ে অন্যদের জানালেন।
যখন যোহন ”ঈশ্বরের মেষশাবক” নিয়ে কথা বলছিলেন...


...আর আমি দেখলাম পবিত্র আত্মা কবুতরের আকার ধারণ করল!
আগে আমি তাঁকে জানতাম কিন্তু বুঝতে পারতাম না আসলে তিনি কে!
কিন্তু আমাকে যে জলে বাপ্তিস্ম দেয়ার জন্য পাঠিয়েছেন তিনি আমাকে বলেছেন যে:
যাকে তুমি দেখছ যার উপর পবিত্র আত্মা নেমে এসেছে, ইনিই তিনি, যিনি পবিত্র আত্মায় সকলকে বাপ্তিস্ম দেবেন!
আর আমি এখন যা ঘটতে দেখলাম, সেটাই আমি তোমাকে বলছি, আমি জানি যে তিনিই ঈশ্বরের পুত্র!
যোহন...
চেয়ে দেখ!!!
ইনিই ঈশ্বরের মেষশাবক!!!
যোহন ১:২৯-৩৬


যাও!
যাও!
গুরু!!!
শিক্ষক!!!
তুমি কি চাও?
তুমি কি খুঁজছ?
গুরু…
আপনি কোথায় থাকছেন?
বন্ধুরা, আমার সাথে আস, এবং দেখ।
যোহন ১:৩৭-৩৯


আর তারা তাই করল।
গুরু, আমি শীঘ্রই ফিরে আসছি...
আন্দ্রিয় তুমি এখন কোথায় যাচ্ছ?
আমি আমার ভাইয়ের কাছেযাব... সে বিশ্বাসই করতে পারবে না যে আমরা আজ সারাদিক কার সাথে সময় কাটিয়েছি।
শিমোন!
শিমোন!!!
আন্দ্রীয়? কি হয়েছে?
শিমোন, ইনিই তিনি!
এ তো সত্যিই তিনি!
তিনি এখানে! আমি সারাদিন ওনার সাথে কাটিয়েছি!
এখানে কে আছেন? বাপ্তাইজক নাকি?
না! বাপ্তিইজক যার কথা বলছেন তিনি এখানেই আছেন!
মসীহ্!
মসীহ্?
এখানে?

যোহন ১:৪০-৪১


তোমার তার কথা শোনা উচিত!
আমি সব সময়ই ভেবেছি মসীহের আগমনের ক্ষেত্রে যোহন একজন ভাববাদীর মত...
যিনি আমাদেরকে এমন কিছু বলছেন যেটা ভবিষ্যতে হতে যাচ্ছে, কিন্তু সেটা অন্য প্রজন্মের জন্য নয়!
হা হা! না! এটা এখনই ঘটছে! এই মুহূর্তেই ঘটছে!
ওহে!
ও, গুরু । আমার ভাই আমাকে আপনার সম্বন্ধে অনেক কিছু বলেছে।
তুমি হচ্ছো শিমোন, যোহনের ছেলে।
কিন্তু তোমাকে পিতর বলে ডাকা হবে...
পিতর? ''পাথর", হ্যাঁ? আমার ভাইয়ের জন্য দারুণ একটি নাম!!!
হ্যাঁ। তোমাকে পিতর বলে ডাকা হবে।
আর তারা যীশুর সাথে সারাদিন থাকলেন।
তো, তুমি কি মনে কর?
তিনি চমৎকার একজন ব্যক্তি...
এখন আস! আমাদের নৌকা থেকে নামতে হবে!
আমাদের সময় প্রায় শেষ হতে চলল! ইতোমধ্যেই জল ঠান্ডা হতে শুরু করেছে আর মাছেরা তীরের দিকে আসতে শুরু করেছে!




পরের দিন।
...সকাল এবং সন্ধ্যা, একটি মেষ আমাদের পাপের জন্য বলি হবে, আর আমার পরে যিনি আসছেন তিনিই সেই মেষশাবক যার কথা যিশাইয় ভাববাদী বলে গেছেন...
ফিলিপ!
তোমার বন্ধুরা কোথায়?
তারা তো জেলে। তারা সারারাত বাইরে ছিল।
আমি গালীলে যাচ্ছি।
হ্যাঁ... তুমি তো সেখানরই, তাই না?
আমার পিছনে আস!
অবশ্যই, গুরু!
অবশ্যই!
গুরু... আমাদের রওনা দেয়ার আগে আমার একটি কাজ আছে...
যোহন ১:৪৩-৪৪


"...সে একটি স্বপ্ন দেখেছে, আর দেখ, একটি সিঁড়ি স্বর্গ থেকে পৃথিবীতে নেমে এসেছে, আর দেখ, ঈশ্বরের দূতেরা এতে উঠছেন এবং নামছেন..."
পৃথিবী এবং স্বর্গের মধ্যে একটি সিঁড়ি... মানুষ এবং ঈশ্বরের মধ্যে...
নথনেল!!!
নথনেল, তোমাকে আমার সাথে আসতেই হবে।
আমরা সেই ব্যক্তির দেখা পেয়েছি যার কথা মোশীর আইনে লেখা ছিল !
ভাববাদীরা যার কথা বলেছিলেন ইনিই তিনি!
মসীহ্? তুমি কি সত্যিই তাঁর কথা বলছ?
তাঁর নাম যীশু! তিনি নাসারতের যীশু!!!
নাসরত!এটি আসলেই ছোট্ট একটি শহর!
আর রোমীয়দের ঘাঁটি তো এই শহরের খুব কাছেই অবস্থিত...
আমি ওখানকার লোকদের সম্বন্ধে যা শুনেছি...
নাসরত থেকে কি ভাল কিছু হতে পারে?
আস এবং দেখ!
তুমি তাঁর সাথে কথা তো বলে দেখ!
ঐ দেখ একজন সত্যিকারের ইস্রায়েলীয়!
তাঁর মনে কোন ছলনা নেই।
আপনি কেমন করে আমাকে চিনলেন?
আমি তোমাকে দেখেছি!
ফিলিপ তোমাকে ডাকার আগে, আমি তোমাকে একটি ডুমুর গাছের নিচে বসে থাকতে দেখেছি!
এটা প্রার্থনা, ধ্যান এবং আইন সম্বন্ধে অধ্যয়ন করার জন্য একটি উপযুক্ত জায়গা...



গুরু, আপনিই ঈশ্বরের পুত্র, তাই না?
আপনি রাজাদের রাজা।


তোমাকে সেই ডুমুর গাছের তলায় দেখেছি, এই কথা বলার জন্যই কি বিশ্বাস করলে?
নথনেল বর্থলমেয়, তুমি এখনও কিছুই দেখ নি!
আমি তোমাকে বলছি, তোমরা স্বর্গ খোলা দেখবে!


আর দেখবে ঈশ্বরের দূতেরা মনুষ্যপুত্রের কাছ থেকে উঠছেন এবং নামছেন!
স্বর্গ এবং পৃথিবীর মধ্যে একটি সিঁড়ি... মানুষ এবং ঈশ্বরের মধ্যে...


যীশু এবং তাঁর শিষ্যেরা গালীলে যীশুর বাড়ীতে গেলেন, এবং সেখানে তারা কান্না নগরের পাশে একটি বিয়ের নিমন্ত্রণ পেলেন।

যোহন ১:৪৯-২:১


মশীহ যে আমাকে তাঁর সাথে থাকবার জন্য বলবেন এটা যে আমি আশা করেছি তা বলতে পারি না।
আমার মনে হচ্ছে আমরা তাঁর কাছ থেকে যা আশা করছি তিনি তেমন কিছু করবেন না!
যীশু! একটি সমস্যা হয়েছে!
তাদের আঙ্গুর রসে ঘাটতি পড়েছে!
মা, আমাকে কেন এর সাথে জড়াচ্ছ?
আমার এখনও সময় হয় নি।
এই তুমি!
উনি যা বলেন তোমরা তাই কর!
তিনি বিচক্ষণ, এই সমস্যা সমাধানে তিনিই তোমাদের সাহায্য করতে পারবেন!
এই জালাগুলো জল দিয়ে পরিপূর্ণ কর!
এই জালাগুলো? এগুলোতে তো আমরা আমাদের হাত ধুই!
জল। এটা দেখে খুব ভাল লাগছে যে, এই লোকটি এই সমস্যার সমাধান বের করতে পেরেছেন।
মরিয়ম আমাদেরকে ওনার কথা শুনতে বলেছেন! চল সেটাই করি!
আমার পাত্রে ঢাল!
কিন্তু মহাশয়…
তাড়াতাড়ি! আমার পাত্রে ঢাল!
আচ্ছা দিচ্ছি।

যোহন ২:২-৯


উমমমম
উমমমম
বর কোথায়?
প্রথমে সকলে ভাল আঙ্গুর রস খেতে দেয়,তারপর যখন ইচ্ছামত খাওয়া শেষ হয় তখন যে রস দেয় তা আগের চেয়ে মন্দ!
কিন্তু তুমি ভাল আঙ্গুর রস এখনও রেখ দিয়েছে, আর আগের স্বাদ নেয়া আঙ্গুর রস থেকে এটি আরো ভাল!!!
কিন্তু ... সেই জালাগুলো...
আমি জানি! জল! আমি তা দেখেছি!
এটা দেখ!
এর গন্ধ নাও!
এর স্বাদ নাও!
আমার স্বাদ নেয়া সবচাইতে ভাল আঙ্গুরের রস এটি!
যীশুর অলৌকিক কাজগুলোর মধ্যে এই কাজটি হল সর্বপ্রথম!
এবং তার এই বিস্ময়কর গৌরবের প্রকাশ দেখে, শিষ্যরা তাঁর উপর বিশ্বাস আনল।

যোহন ২:১০-১১